

দেশে উচ্চ শিক্ষার মান বজায় রাখতে রাষ্ট্রপতির আহ্বান

■ বাসস

রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেছেন, দেশে উচ্চ শিক্ষার মান বজায় রাখা একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জন্য মানসম্মত উচ্চ শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নিয়ে কাজ করার জন্য তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) নির্দেশ দেন।

গতকাল রোববার রাজধানীতে সপ্তম ইউজিসি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, 'শিক্ষার মান সংরক্ষণ এবং এর পর্যায়ক্রমিক উন্নয়নে শিক্ষক ও গবেষকরা মুখ্য ভূমিকা পালন করেন। জ্ঞান অর্জন ও তার চর্চা এবং এর উন্নয়নে আপনাদের আন্তরিক ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।'

রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, দেশের বিশ্ববিদ্যালয়গুলো উচ্চতর শিক্ষা ও গবেষণার সর্বোচ্চ প্রতিষ্ঠান। নতুন কিছু আবিষ্কারের লক্ষ্যে গবেষকরা গবেষণা করেন, যা সমাজকে সামনের দিকে এগিয়ে নিতে মুখ্য ভূমিকা পালন করে- এ কথা উল্লেখ করে তিনি বলেন, 'তাই দেশে শিক্ষার মান উন্নয়নে বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের শিক্ষা দেওয়ার পাশাপাশি গবেষণা পরিচালনা খুবই গুরুত্বপূর্ণ।'

মৌলিক গবেষণার জন্য শিক্ষকদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে পুরস্কার প্রবর্তনের জন্য ইউজিসিকে অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, গবেষকদের গবেষণাকর্মের স্বীকৃতিস্বরূপ ইউজিসি তাদের পুরস্কার দিচ্ছে, যা খুবই উৎসাহব্যাঞ্জক।

ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শুভেচ্ছা বক্তব্য রাখেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. মহব্বত খান।

গবেষণাকর্ম অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ ২০১২ ও ২০১৩ সালের জন্য মোট ১৬ জন বিশ্ববিদ্যালয় শিক্ষক ইউজিসি পুরস্কার লাভ করেন।

পুরস্কারপ্রাপ্তরা হলেন- অধ্যাপক ড. মো. মিজানুর রহমান খান, অধ্যাপক ড. মো. ইউনুস আলী, অধ্যাপক ড. মো. শাহ আলম, ড. জামিলা আহমেদ চৌধুরী, অধ্যাপক ড. মো. হাবিবুর রহমান এবং তাসলিমা আহমেদ।

২০১৩ সালের ইউজিসি পুরস্কারপ্রাপ্তরা হলেন- অধ্যাপক ড. আশরাফুল হোসেন, মো. নানু মিয়া, অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, অধ্যাপক ড. আবুল হাসনাত, ড. মো. শাহজাহান, অধ্যাপক ড. আবু বিন হাসান সুসান, অধ্যাপক ড. তপন কুমার সাহা, ড. তানভীর ফেরদৌস সাইদ, অধ্যাপক ড. নাজমা শাহীন এবং অধ্যাপক ডা. এবিএম আবদুল্লাহ।